দৈনিক সংবাদ

তারিখ 29 DEC 1993
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

৩৭

### জা'নগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

# সাঈদ-আফসার প্যানেল বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদ নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় অধ্যাপক আবু সাঈদ খান (পদার্থ বিজ্ঞান বিভাগ) ও আফসার আহমেদ (নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ) যথাক্রমে সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। সমিতির বিনা প্রতি- দ্বন্দ্বিতায় নির্বাচিত অন্য কর্মকর্তারা হলেনঃ সহ-সভাপতি- অধ্যাপক আলাউদ্দিন আহমেদ (রসায়ন), সহ-সাধারণ সম্পাদক খালেদ হোসাইন (বাংলা), কোষাধ্যক্ষ ডঃ নাজমা সিদ্দিকী (দর্শন)। ৬ জন সদস্য হচ্ছেন ঃ অধ্যাপক খন্দকার মুস্তাহিদুর রহমান, অধ্যাপক ইমামউদ্দিন, অধ্যাপক নূরুল আলম, ডঃ মুহম্মদ তাজুল ইসলাম, ডঃ কাজী আবদুস সামাদ ও সাজেদ আশরাফ করিম।

আগামী বৃহস্পতিবার এ নির্বাচন হওয়ার কথা থাকলেও গত সোমবার শিক্ষকদের দুটো গ্রুপের সমঝোতায় একটি প্যানেল তৈরি হয়। পরে গতকাল মঙ্গলবার মনোনয়নপত্র প্রত্যাহারের শেষদিনে সমঝোতা প্যানেলের প্রার্থী ছাড়া উভয় প্যানেলের অন্য সবাই মনোনয়নপত্র প্রত্যাহার করে নেন।

জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নসহ '৭৩-এর অধ্যাদেশ পরিবর্তনের বিরুদ্ধে ঐক্যবদ্ধ আন্দোলন দাঁড় করানোর স্বার্থে শিক্ষকরা এ সমঝোতা প্যানেলের উদ্যোগ নেন।

## কালো পতাকা উত্তোলন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কার্যালয়ের সামনে গতকাল মঙ্গলবার কালো পতাকা উত্তোলন করা হয়। বিশ্ব- বিদ্যালয়ের উপাচার্য প্যানেল নির্বাচনে সিনেট সভা না ডাকার প্রতিবাদে শিক্ষক

জা'নগর ঃ পৃঃ ২ কঃ ৭

### জা'নগর ঃ শিক্ষক সমিতির নির্বাচন

( ১ম পৃষ্ঠার পর )

সমিতির উদ্যোগে এ কালো পতাকা উত্তোলন করা হয়।

বেলা সাড়ে ১২টার দিকে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক খন্দকার মুস্তাহিদুর রহমান এ কালো পতাকা উত্তোলন করেন। এ সময় উপাচার্য কার্যালয়ের সামনে অর্ধশতাধিক শিক্ষক উপস্থিত ছিলেন। একই দাবিতে বিশ্ব- বিদ্যালয়ের সকল শিক্ষক গতকাল দুপুর ১২টা থেকে ১টা পর্যন্ত কর্মবিরতি পালন ও কালোব্যাজ ধারণ করেন।

আগামী ৩রা জানুয়ারি পর্যন্ত শিক্ষকদের এক ঘন্টার এ কর্মবিরতির কর্মসূচী চলবে।